

**মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য  
নস্যাতের অপকৌশল ত্যাগ  
করুন জমিয়াতুল মোদারেছীন**

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব মাওলানা এম এ লতিফ, যুগ্ম-মহাসচিব চুচুল আমিন পান, আবদুর রহমান খেলাসী, শাকিবর আহম্মদ সোমতালী, মহানগর সভাপতি মাওলানা ইউনুস সম্পাদক মাওলানা আইয়ুব আবেদীন, আঞ্চলিক সম্পাদক মাওলানা শফিউদ্দিন ভূঞা গতকাল (সোমবার) এক যৌথ বিবৃতিতে মাদ্রাসা শিক্ষার ঐতিহ্য ও স্বাতন্ত্র্য নস্যাৎ করার অপকৌশল পরিহার করার আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে বলা হয় যে, সরকারি মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য বজায় রাখার লক্ষ্যে সরকারের সর্বশ্রেষ্ঠ সকলের প্রতি আহ্বান জানানো হয়।

**জমিয়াতুল মোদারেছীন**

৮-এর পৃষ্ঠার পর সরকার এদেশের শতকরা ৯০ ভাগ মুসলমানদের ইসলামী চেতনার প্রতি প্রকাশশীল। সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও প্রয়োজনীয় পরিবর্তনের জন্য মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটি গঠন করেছে এবং এই কমিটির হুঁড়াত প্রতিবেদন সরকারের কাছে ইতিমধ্যেই পেশ করা হয়েছে। একই সাথে মাদ্রাসা শিক্ষার মঠিক উন্নয়নে সরকারের মতি কারিবুসাম কমিটি প্রায় ১৪ লাখ টাকা ব্যয় করে হুঁড়াত প্রতিবেদন পেশ করার পথে রয়েছে। সরকার জাতীয় পর্যায়ে শিক্ষা কমিশন গঠন করেছে এবং এ কমিশন দ্রুত কাজ চালিয়ে যাবে। এসব কিছুর মাঝে নিম্ন বিশ্লেষণের মত হুঁড়াই অযৌক্তিকভাবে সমন্বয়ের নামে মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য নস্যাৎ করার পায়তারা চমকে। বিবৃতিতে নেতৃবৃন্দ সরকারের দুটি আকর্ষণ করে বলেন, মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য নস্যাৎ করার যেকোন অপকৌশল এদেশের তৌহিদী জনতা মেনে নেবে না।

**মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে  
ষড়যন্ত্র বরদাশত করা  
হবে না-ইসলামী ছাত্র পরিষদ**

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর কেন্দ্রীয় সভাপতি হাফেজ গোলাম মোতফা ও সাধারণ সম্পাদক এস এম আবু তাহের এক যুক্ত বিবৃতিতে বলেন, মাদ্রাসা শিক্ষায় বিচক্ষণ ও বিশেষজ্ঞ ব্যক্তিত্ব অযৌক্তিকভাবে সমন্বয়ের নামে যে সুকৌশল চালানো হচ্ছে তাতে মাদ্রাসা শিক্ষার ঐতিহ্য ও স্বাতন্ত্র্য বিনষ্ট করা ছাড়া অন্য কিছুই নয়। বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, যদি অযোগ্য ও অযৌক্তিকভাবে সমন্বয়ের নামে নতুন করে টাকা অর্পণ করা হয়, তবে এর পরিণতি অন্ত্যন্ত ভয়াবহ এবং মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে কোন ষড়যন্ত্রই বরদাশত করা হবে না। বিবৃতিতে মাদ্রাসা শিক্ষার স্বাতন্ত্র্য বজায় রাখার লক্ষ্যে সরকারের সর্বশ্রেষ্ঠ সকলের প্রতি আহ্বান জানানো হয়।